

আবাসিক বিল্ডিংয়ের জন্য ধূমপান সম্পর্কিত নীতির নমুনা

বিল্ডিং/প্রপার্টি ঠিকানা: _____

পরোক্ষ ধূমপানের ক্ষেত্রে কোন নিরাপদ পরিমাণ নেই। প্রাপ্তবয়স্ক ধূমপান না করা লোকজনের পরোক্ষ ধূমপানের ফলে স্ট্রোক, হার্টের রোগ এবং ফুসফুসের ক্যান্সার হওয়ার ঝুঁকি বেশি থাকে। পরোক্ষ ধূমপানের ফলে বাচ্চাদের হাঁপানি বা অন্যান্য শ্বাসপ্রশ্বাসের রোগ, কানের মধ্যকার অংশের রোগ এবং সাডেন ইনফ্যান্ট ডেথ সিনড্রোম (SIDS) হওয়ার ঝুঁকি খুব বেশি থাকে। এই কারণগুলির জন্য, এবং কোথায় থাকবেন সেই সম্পর্কে অবহিত সিদ্ধান্ত নিতে জনসাধারণকে সহায়তা করার জন্য, নিউ ইয়র্ক সিটির প্রয়োজন, তিন বা তার বেশি আবাসিক ইউনিটযুক্ত বিল্ডিংগুলির মালিকদের দ্বারা (এই নীতিতে "মালিক/পরিচালক" কে বোঝায়, যা রেকর্ডের মালিক, বিক্রোতা, পরিচালক, বাড়িওয়ালা, কোনো এজেন্ট বা নিয়ামক কর্তৃপক্ষকে অন্তর্ভুক্ত করে) একটি ধূমপান সম্পর্কিত নীতি তৈরি ও সেটি ভাড়াটেকদের সাথে শেয়ার করা। বিল্ডিংয়ের ধূমপান সম্পর্কিত নীতিটি অতিথি সহ প্রপার্টির যে কোনো ব্যক্তির ক্ষেত্রে প্রযোজ্য।

সংজ্ঞা

- ধূমপান:** কোনো জ্বলন্ত বা গরম সিগার, সিগারেট, ছোটো সিগার, পাইপ, ওয়াটার পাইপ বা হুঁকা, ভেঁষজ সিগারেট, তামাক ছাড়া অন্যান্য ধূমপানের দ্রব্য (যেমন, মারিজুয়ানা বা তামাক ছাড়া শিশা), টানা, ছাড়া, জ্বালানো বা বহন করা বা অন্য যে কোনো ধরনের জ্বলন্ত বস্তু বা ডিভাইস যা জনসাধারণের ধোঁয়া টানার জন্য ব্যবহার করা হয়
- ইলেকট্রনিক সিগারেট (ই-সিগারেট):** একটি ব্যাটারি চালিত ডিভাইস যা একটি তরল, জেল, ভেঁষজ বা অন্যান্য উপকরণকে উত্তপ্ত করে এবং মানুষের নিঃশ্বাস নেওয়ার জন্য বাষ্প বা গ্যাস উৎপন্ন করে

ধোঁয়া-মুক্ত বাতাস আইন

নিউ ইয়র্ক সিটি আইন ভিতরের যে কোনো সর্বজনীন জায়গায় যে কোনো ধরনের ধূমপান ও ই-সিগারেট ব্যবহার নিষিদ্ধ করে, যে জায়গাগুলির মধ্যে অন্তর্ভুক্ত কিন্তু সীমিত নয়, তিন বা তার বেশি আবাসিক ইউনিটযুক্ত যে কোনো বিল্ডিংয়ের লবি, হলে যাওয়ার রাস্তা, সিড়ি, মেলরুম, ফিটনেসের অঞ্চল, মজুতের জায়গা, গ্যারেজ এবং লন্ড্রি রুম। NYC সিটি প্রশাসন। কোড, § 17-505.

ধূমপান সম্পর্কিত নীতি

নিচে টিক চিহ্ন দেওয়া জায়গাগুলিতে ধূমপান অনুমোদিত নয় (প্রযোজ্য সকল বক্সগুলিতে টিক দিন)। *এমনকি কোনো বক্সে টিক চিহ্ন দেওয়া না হলেও, ধোঁয়া-মুক্ত বাতাস আইন ভিতরের সর্বজনীন জায়গাগুলিতে তামাক বা তামাক নয় এমন পণ্য পান করা এবং ই-সিগারেট ব্যবহার করা নিষিদ্ধ করে।*

- আবাসিক ইউনিটগুলির ভিতরে*
- বাইরের অঞ্চল যা আবাসিক ইউনিটগুলির অংশ, ব্যালকনি, বহিঃপ্রাঙ্গণ ও বারান্দা সহ
- বাইরের সর্বজনীন এলাকা, খেলার জায়গা, ছাদ, পুলের এলাকা, পার্কিংয়ের এলাকা, এবং শেয়ার করা ব্যালকনি, উঠান, বহিঃপ্রাঙ্গণ, বারান্দা বা বাগিচা
- প্রবেশ, প্রস্থান, জানলা, এবং প্রপার্টির জমিতে বায়ু সেবনের ইউনিটগুলির 15 ফুটের মধ্যে
- অন্যান্য অলাকা/ব্যতিক্রমসমূহ:

-
- * আবাসিক ইউনিটগুলির মধ্যে ধূমপান নিষিদ্ধ করা একটি নীতির আওতা থেকে স্থিতিশীল ভাড়া বা নিয়ন্ত্রিত ভাড়ার ইউনিটগুলিকে ছাড় দেওয়া যেতে পারে যদি না বিদ্যমান ভাড়াটেরা লিখিতভাবে নীতিটিতে তাদের সম্মতি দেন।

আবাসিক বিল্ডিংয়ের জন্য ধূমপান সম্পর্কিত নীতির নমুনা

অভিযোগ জানাবার পদ্ধতি

একটি আবাসিক ইউনিটে বা সর্বজনীন অঞ্চলে ধোঁয়া ছাড়া সম্পর্কিত অভিযোগগুলি অবিলম্বে এখানে তালিকাভুক্ত মালিক/পরিচালককে জানাতে হবে _____। অভিযোগগুলি অবশ্যই লিখিতভাবে করতে হবে এবং অবশ্যই তারিখ, আনুমানিক সময়, যেখানে ধোঁয়া দেখা গেছিল সেই জায়গাটি, বিল্ডিংয়ের ঠিকানা, ঘটনাটির বর্ণনা এবং ধোঁয়ার আপাত উৎস সহ, যতটা সম্ভব নির্দিষ্টভাবে জানাতে হবে।

স্বীকৃতি এবং স্বাক্ষর:

আমি উপরে বর্ণিত ধূমপান সম্পর্কিত নীতি পড়েছি, এবং আমি বুঝেছি যে নীতিটি প্রপার্টিটিতে প্রযোজ্য হবে। আমি উপরে বর্ণিত নীতিটি মেনে চলতে সম্মত হচ্ছি।

ভাড়া ইউনিটগুলির জন্য, আমি বুঝেছি যে ধূমপান সম্পর্কিত নীতি অমান্য করা আমার লীজ চুক্তি অমান্য করা হতে পারে। কন্ডোমিনিয়াম, সমবায় বা অন্যান্য মালিকানার ইউনিটগুলির জন্য, আমি বুঝেছি যে ধূমপান সম্পর্কিত নীতি অমান্য করার জন্য বিল্ডিং পরিচালনার নিয়মাবলী অনুযায়ী ব্যবস্থা নেওয়া হতে পারে।

মালিক/পরিচালকের মুদ্রিত নাম _____

মালিক/পরিচালকের স্বাক্ষর _____ তারিখ _____

ভাড়াটের মুদ্রিত নাম _____

ভাড়াটের স্বাক্ষর _____ তারিখ _____